গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০৬.২০১৮-৪২

তারিখঃ ২৫ মাঘ ১৪২৫ / ০৭ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়ঃ সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৭ জানুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত "ছকে" তথ্যসহ আগামী ১০-০২-২০১৯ খ্রি: তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি এবং সফট কপি পেনড্রাইভে (Nikosh font ১৩ সাইজে) প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :সভার কার্যবিবরণী।

০৭.০২.১৯


(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোন:+৮৮০ ৪৭১২৪৩৫৯
admin3@ssd.gov.bd


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব ................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্মসচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। উপসচিব ................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব .................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা ,সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ।
১২। সহকারী সচিব................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অনুলিপিঃ

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

১১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

**সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর অধীন অধিদপ্তরসমূহের ডিসেম্বর ২০১৮-এর সমন্বয়সভার কার্যবিবরণী।**

সভাপতি : ফরিদ উদ্দিন আহমেদ চৌধুরী, সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ ও সময় : ২৭ জানুয়ারি ২০১৯, বেলা ১১.০০ টায়
স্থান : সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সুরক্ষা সেবা বিভাগের অধীন প্রতিটি অধিদপ্তর/সংস্থা ও উইং এর চলমান কার্যক্রমকে গতিশীল করার জন্য আরো আন্তরিকতা ও দক্ষতার সাথে কাজ করতে তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। অতপর আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| ক্র. | আলোচ্যসূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | গত সভার (অক্টোবর, ২০১৮) কার্যবিবরণী নিশ্চিতকরণ। | অক্টোবর, ২০১৮-এর সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা নিশ্চিত করা হয়। |

| ক্র. | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.১ | **মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি :** | |
| | ই-টেন্ডারিং :<br>• **সুরক্ষা সেবা বিভাগ** : RFQ পদ্ধতিতে দরজা-জানালার পর্দা, ক্রোকারিজ আইটেম, মনিহারি দ্রব্যাদি, স্টলের আসবাবপত্র এবং একটি মোটরসাইকেল ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। ইজিপিতে OTM পদ্ধতিতে ২০টি কম্পিউটার ২০টি প্রিন্টার ও ২০টি স্ক্যানার ক্রয়ের কার্যক্রম চলমান। DPM পদ্ধতিতে ১টি মাইক্রোবাস ক্রয়ের প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের প্রেক্ষিতে সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ-কে কার্যাদেশ প্রদান করা হয়েছে;<br>• সুরক্ষা সেবা বিভাগের জন্য ১টি ইন্টারকম সার্ভার ক্রয়ের কার্যক্রম চলমান। অন্যান্য প্যাকেজের স্পেসিফিকেশন প্রস্তুত করা হয়েছে। বাজার দর যাচাই কমিটি কর্তৃক বাজারদর প্রস্তুত করা হচ্ছে।<br>**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** ৫টি দরপত্র আহবান /ক্রয় সম্পন্ন করা হয়েছে।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** ই-জিপি পদ্ধতিতে ক্রয় সম্পন্ন করতে হবে।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** ১৯টি প্যাকেজের দরপত্র ই-জিপি পদ্ধতিতে আহবান করা হয়েছে।<br>**কারা অধিদপ্তর :** ৩৩টি প্যাকেজের দরপত্র ই-জিপি পদ্ধতিতে আহবান করা হয়েছে। | • সকল অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার পণ্য/সেবা পিপিআরসহ সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণপূর্বক ১০০% ই-জিপি পদ্ধতিতে সম্পন্ন করা;<br>• অধিদপ্তরসমূহের ই-জিপিতে ক্রয় কার্যক্রম উইং প্রধানগণ কর্তৃক follow up এ রাখা।<br><br>**বাস্তবায়নে:** অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব(প্রশাসন-২) |
| ২.২ | বাংলাদেশ এবং ব্রাজিলের মধ্যে এবং বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/ সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন : | • বাংলাদেশ-ব্রাজিল এবং বাংলাদেশ-সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/ সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষর কার্যক্রম সম্পন্নের লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখা এবং সমন্বয় সভায় অগ্রগতি উপস্থাপন করা।<br>**বাস্তবায়নে** : জনাব মোহাম্মদ আজহারুল হক, অতিরিক্ত সচিব/জনাব মনিরা হক, সিনিয়র সহকারী সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ) |

| | | |
|---|---|---|
| | **জেল কোড সংশোধন :**<br>• Jail Code সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক Jail Code Rules খসড়া পর্যালোচনাধীন রয়েছে। পর্যালোচনান্তে Jail Code Rules এর খসড়া মূল কমিটির নিকট উপস্থাপন করা হবে;<br>• আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট কমিটি/উপকমিটি কর্তৃক সংশোধিত Jail Code বাংলা ভাষায় প্রণয়ন করা হচ্ছে। 'Bangladesh Prison's and Correctional Services Act ২০১৭' নামে নতুন করে আইন প্রণয়নের কার্যক্রম চলমান আছে। | • Jail Code সংশ্লিষ্ট উপকমিটিতে Jail Code Rules এর খসড়া পর্যালোচনাধীন রয়েছে। পর্যালোচনার কাজ এখনো সম্পন্ন না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন, এক্ষণে উপকমিটি কর্তৃক আইন ও বিধির ধারাসমূহ পর্যালোচনার কাজ দ্রুত সম্পন্নপূর্বক চূড়ান্ত করা।<br>**বাস্তবায়নে** : কারা অনুবিভাগ প্রধান/সংশ্লিষ্ট উপকমিটি |
| | **নাগরিকত্ব আইন, ২০১৬ :**<br>• আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিং আছে। | • আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করা;<br>**বাস্তবায়নে** : কারা অনুবিভাগ/কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট উপকমিটি |
| ২.৩ | **নির্বাচনী ইশতেহার ২০১৮ (সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ) :**<br>**ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :**<br>• মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি ও চলমান অভিযান অব্যাহত থাকবে। মাদকাসক্তদের পুনর্বাসনের জন্য সরকারি অর্থায়নে সংশোধনাগারের সংখ্যা বৃদ্ধি করা হবে [অনু. ৩.৬ ]<br>• তরুণদের মাদকের ভয়াল আসক্তি থেকে মুক্ত করতে প্রতিটি জেলায় একটি করে সরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র করা ও বেসরকারি কেন্দ্রগুলোর জন্য সরকারি অনুদান বাড়ানো হবে [অনু. ৩.১১] | • সমাজ থেকে চিরতরে মাদক নির্মূল করার লক্ষ্যে মাদকের কুফল সম্পর্কে গণসচেতনতামূলক কার্যক্রম ও অভিযান পরিচালনা অব্যাহত রাখা;<br>• কক্সবাজার জেলার টেকনাফে মাদকবিরোধী বিশেষ জোন স্থাপনের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করা;<br>• ডাক্তার ও নার্সদের প্রশিক্ষণ সুবিধাসহ ২৫০ শয্যা বিশিষ্ট কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের আধুনিকীকরণ করা;<br>• ৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপন করা;<br>• বৃহত্তর জেলাসহ মাদকপ্রবণ জেলাসমূহে ১০০ শয্যা বিশিষ্ট সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপন করা;<br>• অবশিষ্ট জেলাসমূহে ৫০ শয্যা বিশিষ্ট সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপন করা;<br>• বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহে আর্থিক অনুদান প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;<br>• প্রশিক্ষণ একাডেমি নির্মাণ করা;<br>• 'মডার্নাইজেশন অব ডিএনসি' প্রকল্প বাস্তবায়ন করা;<br>**বাস্তবায়নে** : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ |
| | **খ) ইমিগ্রেশন পাসপোর্ট অধিদপ্তর :**<br>• ই-পাসপোর্ট এবং ই-ভিসা চালু করা হবে [অনু. ৩.২১] | • ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করা, এ লক্ষ্যে ১০ বৎসর মেয়াদি ই-পাসপোর্ট চালু করা;<br>• ই-ভিসা এবং ই-টিপি চালু করা;<br>• ৩টি আন্তর্জাতিক বিমানবন্দর ও ২টি স্থল বন্দরে ৫০টি ই-গেইট স্থাপন করা;<br>• চলমান ৩২টি দেশের সাথে ভিসা অব্যাহতি চুক্তি সম্পন্ন করা;<br>• ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা;<br>• প্রধান কার্যালয়ের জন্য ভবন নির্মাণ করা;<br>বাস্তবায়নে : ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/নিরা: ও বহি: অনুবিভাগ |
| ২.৪ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :** | |

| অধিদপ্তরসমূহ | সূচক সংখ্যা | মোট নম্বর | মন্তব্য |
|---|---|---|---|
| ফায়ার সার্ভিস ও সি. ডি. অধিদপ্তর | ১৩ | ২ | পরিদর্শন কার্যক্রম (১.২.৩) সংক্রান্ত সূচকের অর্ধবার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। বাকী সবগুলো সূচকের অর্ধবার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১৪ | ২০ | মাধ্যমিক পর্যায়ের শিল্প প্রতিষ্ঠানের সচেতনতামূলক কার্যক্রম (২.১.১), উচ্চ শিল্প প্রতিষ্ঠানে সচেতনতামূলক কার্যক্রম (২.১.৩), কারাগারে সচেতনতামূলক কার্যক্রম (২.১.৪) ও মাদকবিরোধী সভা/সেমিনার (২.২.১), সংক্রান্ত সূচকের অর্ধবার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। বাকী সূচকসমূহের অর্জিত হয়েছে। |
| কারা অধিদপ্তর | ০৬ | ১৪ | বন্দি ধারণক্ষমতা (৩.১.১), নিরাপত্তামূলক সাজ-সরঞ্জাম সংগ্রহ (৩.২.১), সীমানা প্রাচীর নির্মাণ (৩.২.২) সংক্রান্ত সূচক ০৩টির কার্যক্রম চলমান আছে। অর্থবছর শেষে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। কারিগরি প্রশিক্ষণ (৩.৩.১), মোটিভেশনাল প্রোগাম (৩.৩.২) এবং মৃত্যহার হ্রাসকরণ সংক্রান্ত সূচকসমূহের অর্ধবার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ০৭ | ১২ | এমআরপি (৪.১.১), এমআরভি (৪.১.২), মিশনের এমআরপি কার্যক্রম (৪.২.১), মিশনের এমআরভি কার্যক্রম (৪.২.২), ই-পাসপোর্টের কার্যক্রমের শতকরা হার (৪.৩.১), তদন্তের জন্য আবেদন প্রেরণ (৪.৪.১) এবং প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ সংক্রান্ত ডিপিপি প্রণয়ন (৪.৫.১) অর্ধবার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। |

• মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণপূর্বক বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির শতভাগ বাস্তবায়নের জন্য রোড ম্যাপ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা।

**বাস্তবায়নে :** অধিদপ্তর প্রধান(সকল)/ জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, অগ্নি অনুবিভাগ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

**২.৫ সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের শূন্যপদ পূরণ কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি :**

| মন্ত্রণালয়/ অধীন অধিদপ্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ২৬০ | ১৮৫ | ৭৫ |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ১১৬১ | ১০৬৭ | ৯৪ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১৭১৩ | ১১৮২ | ৫৩১ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১০৮৮০ | ৯২৪৭ | ১৬৩৩ |
| কারা অধিদপ্তর | ১২১৭৩ | ১০৬১২ | ১৫৬১ |

- সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে নিয়োগ বিধি অনুযায়ী শূন্যপদে জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করা;
- পিএসসি এর মাধ্যমে পূরণযোগ্য শূন্যপদসমূহ পূরণের জন্য পিএসসিতে যোগাযোগ অব্যাহত রাখা এবং অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করা;

**বাস্তবায়নে :** অধিদপ্তর প্রধান(সকল)/ সংশ্লিষ্ট উইং প্রধান/সিনিয়র সহকারী সচিব(প্রশাসন-১)

**২.৬ অডিটঃ**

- **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর**: মোট আপত্তি-৫৩টি, বিবেচ্য মাসে নিস্পত্তি-১১, অবশিষ্ট-৪২টি;
- **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর**-মোট আপত্তি-১৩৩টি, বিবেচ্য মাসে নিস্পত্তি- ০৮টি, অবশিষ্ট-১২৫টি;
- **কারা অধিদপ্তর**:-মোট আপত্তি-২৬৪টি, বিবেচ্য মাসে নিস্পত্তি-২১টি, অবশিষ্ট-২৪৩টি;
- **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর:** কোন আপত্তি নেই।

- কোন দপ্তর বা সংস্থায় ব্রডশীট জবাব প্রদান যেন পেন্ডিং না থাকে তা নিশ্চিত করা;
- সময়মত বস্তুনিষ্ঠ জবাব প্রেরণ না করার কারণে সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রূপান্তরিত না হয় সে জন্য সথাসময়ে প্রমাণকসহ জবাব দেয়া;
- অধিদপ্তর/সংস্থাওয়ারী অডিটের শ্রেণিবিন্যাস অনুযায়ী সাধারণ, অগ্রিম, খসড়া ও সংকলন আপত্তির পৃথক পৃথক হিসাব সমন্বয় সভায় উপস্থাপন করা;
- দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সংখ্যা, নিস্পত্তির জন্য সুপারিশকৃত অনুচ্ছেদ সংখ্যা, অডিট অধিদপ্তর কর্তৃক নিস্পত্তিকৃত অনুচ্ছেদ সংখ্যা ইত্যাদি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে সমন্বয় সভায় উপস্থাপন করা;
- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ১৯৯১ সালের পূর্বের ৯১টি অডিট আপত্তির বিষয়ে অতি শীগ্রই একটি পূণাঙ্গ প্রস্তাব অত্র বিভাগে প্রেরণ করা;
- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিগত ২ অর্থবছরের অডিট সম্পন্নের প্রয়োজনীয় উদ্দ্যেগ গ্রহণ করা;
- এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যুগ্মসচিব(বাজেট-২) কর্তৃক অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন মাসিক সমন্বয় সভায় নির্ধারিত "ছকে" উপস্থাপন করা;

**বাস্তবায়নে** : সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিদপ্তর প্রধান/ যুগ্মসচিব(বাজেট-২) ও ফোকাল কর্মকর্তা

**২.৭ পেনশনঃ**

**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** পেন্ডিং পেনশন কেইস নাই।
**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** প্রাক্তন উপপরিদর্শক মরহুম বেলায়েত হোসেন এর পারিবারিক পেনশন।
**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর : ১**টি অনিষ্পন্ন পেনশন কেইস ২য় স্ত্রীর সন্তানের DNA পরীক্ষার কোর্ট ফি জমা করা হয়েছে DNA রিপোর্ট পাওয়া যায়নি।
**কারা অধিদপ্তর :** জনাব শেখ আবদুল অমিক, সিনিয়র তত্ত্বাবধায়ক (চঃদাঃ) জনাব মোঃ ফরমান আলীর, কারা উপমহাপরিদর্শক (চঃদাঃ) জনাব মোঃ গোলাম হায়দার, অবসর প্রাপ্ত জেল সুপার (চ:দা:) জনাব মোঃ আনোয়ারুল হক, সিনিয়র জেল সুপার জনাব মোঃ আজিজুল হক-এর পেনশন মঞ্জুরির কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

- এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহের যে সকল কর্মকর্তা/কর্মচারীদের পেনশন কেসের প্রস্তাব এ বিভাগে অনিষ্পন্ন রয়েছে সে সকল প্রস্তাব দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা;
- পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান কর্তৃক তত্ত্বাবধায়ন করা;

**বাস্তবায়নে** : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ

**২.৮ পরিদর্শন: সিদ্ধান্তসমূহ :**

- প্রত্যেক মাসে অধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ ও অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন করা;
- চলমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি এবং মাঠ পর্যায়ের দপ্তর কর্তৃক প্রদত্ত সেবার মান যাচাই করা এবং সেবার মান উন্নয়নে সেবা গ্রহীতাদের সাথে মতবিনিময় করা, বিরাজমান গুরুতর সমস্যাসমূহ উর্ধতন কর্মকর্তার নিকট মতামতসহ লিখিতভাবে অবহিত করা;
- উর্ধতন কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা, সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক পরিদর্শনে প্রদত্ত সুপারিশ এর প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা ।

**বাস্তবায়নে** : অধিদপ্তর প্রধান (সকল)/অনুবিভাগ প্রধান(সকল)

**২.** **অনিষ্পন্ন বিষয়/পত্রাদি :**

সভায় অধিদপ্তর প্রধান সকলেই জানান যে, অনিষ্পন্ন বিষয়সমূহের নিষ্পত্তির কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

- অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ কর্তৃক সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তি করা;

**বাস্তবায়নে:** অধিদপ্তর প্রধান (সকল)/ সংশ্লিষ্ট অনুবিভাগ

**২.১০** **প্রশিক্ষণ:**

| অধিদপ্তরের নাম | কর্মকর্তা/ কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | গত মাস পর্যন্ত প্রশিক্ষণ | বর্তমান মাসের প্রশিক্ষণ | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ |
|---|---|---|---|---|---|
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর: | ১ম | ৮৪ | ১৪ | ০.৭০ | ২৪.৭ |
| | ২য় | ২৯ | ১৪ | ৪ | ১৮ |
| | ৩য় | ৬৫৬ | ৮.১১ | .২৮ | ১ ৪০ |
| | ৪র্থ | ৮ | - | ৫ | ৫ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর: | ১ম | ১০৬ | ২৭.৭ | ৭.৭৩ | ২৭.৭৩ |
| | ২য় | ১৪৫ | ২.৫ | ১. ১ | ৩.৬১ |
| | ৩য় | ৬৩৩ | .৯৪ | ৪. | ৫.১৩ |
| | ৪র্থ | ৮০ | ০০ | ০০ | ০০ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর: | ১ম | ২৫ | ১২.১৫ | ০০ | ১২.১৫ |
| | ২য় | ৭২০ | ৯৭ | ৩৫.৩১ | ৯৭ |
| | ৩য় | ১৮৩০ | ৪৪ | ৩.৫৭ | ৪৪ |
| | ৪র্থ | ৬৫৬১ | ৭৪.৯৮ | ১৩.৬২ | ৭৪.৯৮ |
| কারা অধিদপ্তর: | ১ম | ১৩৪ | ৮৯ | ২ | ৯১ |
| | ২য় | ১৭৭ | ৮৭ | ৩ | ৯০ |
| | ৩য় | ৩৯৮ (সিভিল) | ৮১ | ২ | ৮৩ |
| | ৩য় | ৯২৩১ (ইউনিফরম) | ৭৯ | ২ | ৮১ |
| | ৪র্থ | ০০ | ০০ | ০০ | ০০ |

**সিদ্ধান্তসমূহ :**

- কর্মকর্তা-কর্মচারীগণের প্রয়োজন ও চাহিদার ভিত্তিতে বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা;
- প্রশিক্ষণসূচি যথা সময়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিত করা যাতে কর্মকর্তা/কর্মচারীগণ যথাসময়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারেন;
- প্রতি কর্মকর্তা/কর্মচারীর ৬০ ঘন্টার প্রশিক্ষণের মধ্যে ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ঘন্টা ও অবশিষ্ট প্রশিক্ষণ ঘন্টার পরিসংখ্যান নির্ধারিত ছকে সভায় উপস্থাপন করা;
- সকল কর্মকর্তা/কর্মচারীগণের জন্য Need based প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং নির্ধারিত সময়ের মধ্যে তা সম্পন্ন করা;

বাস্তবায়নে: জনাব মাসুদুর রহমান, উপসচিব(আইন-২) ও প্রশিক্ষণ ফোকাল কর্মকর্তা

**২.১১** **ওয়েবসাইট হালনাগাদকরণ :**

- বড় বড় মন্ত্রণালয়ের অনুসরণে সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের ওয়েবসাইট সমৃদ্ধ করা;
- জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে আপলোড করা;
- এ বিভাগ এবং অধীন দপ্তরসমূহের ওয়েবসাইট নিয়মিত আপলোডের অগ্রগতি সমন্বয় সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: হেলাল মাহমুদ শরীফ, যুগ্মসচিব কর্তৃক উপস্থাপন করা।

**বাস্তবায়নে:** অধিদপ্তর প্রধান (সকল)/জনাব মো: হেলাল মাহমুদ শরীফ, যুগ্মসচিব(বহি-০৪ অধিশাখা)

**২.১২** **ই-ফাইলিং:**

- সভাকে জানানো হয়, ৩১-১২-২০১৮ তারিখের প্রতিবেদন অনুযায়ী মধ্যম ক্যাটাগরির মন্ত্রণালয়/বিভাগসমূহের মধ্যে ই-নথি কার্যক্রমে সুরক্ষা সেবা বিভাগ ২য় স্থান অধিকার করেছে।
- অধিদপ্তরসমূহের চলমান ই-ফাইলিং কার্যক্রম আরো ত্বরান্বিত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

- সচিবালয় নির্দেশমালা, ২০১৪ যথাযথভাবে অনুসরণপূর্বক ই-ফাইলিং এর জন্য প্রযোজ্য নথির ধরন অনুযায়ী নথি খোলা এবং সে অনুযায়ী নথি উপস্থাপন করা;
- ই-ফাইলিং এর মাধ্যমে পত্র উপস্থাপনপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে পত্র জারির মাধ্যমে নিষ্পত্তি করা;
- ই-ফাইলিং কার্যক্রমে আরো উৎকর্ষতা আনয়নপূর্বক গুণগত মান বৃদ্ধি করা;
- ই-ফাইলিং এ কার্যক্রমের রেটিংএর উপর নির্ধারিত মানের অবনমিত না হওয়ার প্রচেষ্টা অব্যাহত রাখা;
- ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের সামগ্রিক অগ্রগতি শাখা/অধিদপ্তরওয়ারী শতকরা হারে প্রদর্শন করা;

**বাস্তবায়নে** : অধিদপ্তর প্রধান (সকল)/ জনাব মোহাম্মদ আবদুল হাই মিল্টন, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)

| | | |
|---|---|---|
| ২.১ | **ইনোভেশন ও উত্তম চর্চা** : বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ইনোভেশন সংখ্যা ৪টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২টি, কারা অধিদপ্তরের ৫টি। | • ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নে দৃশ্যমান উন্নতি সাধনে ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের আরও আন্তরিকতা এবং তৎপর হওয়া;<br>• ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে জনাব হেলাল মাহমুদ শরীফ, যুগ্মসচিব(বহি-৪) ও ফোকাল কর্মকর্তা কর্তৃক অধিদপ্তরসমূহের ফোকাল কর্মকর্তাগণের সাথে সভা করা এবং প্রতিবেদন আকারে সমন্বয় সভায় উপস্থাপন করা;<br>• মাসিক সমন্বয় সভায় বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তম চর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে উপস্থাপন করা;<br>**বাস্তবায়নে:** অধিদপ্তর (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/চিফ ইনোভেশন কর্মকর্তা |
| ২.১৪ | **মামলা :** | |
| | সুরক্ষা সেবা বিভাগের অধীন দপ্তরসমূহের মামলার অগ্রগতি নিম্নরূপ : (নিচের সারণি দ্রষ্টব্য) | • অধিদপ্তরসমূহের মামলা বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়ে সভা করে মামলা সংক্রান্ত তথ্য, মামলার ধরন কোর্টওয়ারী হালকরণ করে এ বিভাগ থেকে প্রদত্ত ছকে যুগ্মসচিব(আইন) কর্তৃক প্রণয়নপূর্বক সমন্বয় সভায় উপস্থাপন করা;<br>• মামলায় সরকারি স্বার্থ রক্ষা করে নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করা;<br>• তদবিরের অভাবে কোন মামলা যেন খারিজ না হয় সেদিকে লক্ষ্য রাখা;<br>• আদালতে যেন সরকারি স্বার্থ রক্ষা হয় সে জন্য সকল অধিদপ্তরে আপিল নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগ করা;<br>• চলমান মামলাসমূহ যথাযথভাবে follow up এ রাখা;<br>• মাসিক সমন্বয় সভায় সংস্থাওয়ারী মামলার অগ্রগতি উপস্থাপন করা;<br>• প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল মামলা, কোর্টভিত্তিক মামলা এবং অন্যান্য ক্যাটাগরির মামলা আলাদা কলামে উল্লেখ করা;<br><br>**বাস্তবায়নে:** অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ |
| ২.১৫ | **বিবিধ :** | |
| | **১৪.১ ভিডিও কনফারেন্স :** | • প্রত্যেক মাসে একাধিক ভিডিও কনফারেন্স এর আয়োজন করা;<br><br>**বাস্তবায়নে** : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব(কারা অধিশাখা |

| অধিদপ্তরের নাম | অনিষ্পন্ন মামলার সংখ্যা | সর্বশেষ অবস্থা |
|---|---|---|
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | টাইটেল স্যুট-০১<br>দেওয়ানি-০১<br>এটি মামলা-০৮টি<br>রিট পিটিশন-১৪৭টি | বিচারাধীন |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | এটি মামলা-০৩টি<br>এএটি মামলা-০৫টি<br>রিট পিটিশন-৪৮টি | বিচারাধীন |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | এটি মামলা-১৫টি<br>এএটি মামলা-০২টি<br>রিট পিটিশন-৩৬টি<br>লিভ টু আপিল-০২টি | বিচারাধীন |
| কারা অধিদপ্তর | এটি মামলা-৪৮টি<br>এএটি মামলা-১৬টি<br>রিট মামলা-১৬টি<br>লিভ টু আপিল-১২টি<br>সিভিল রিভিশন-০১টি | বিচারাধীন |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ফরিদ উদ্দিন আহমেদ চৌধুরী)
সিনিয়র সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।